



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০২২/(অংশ-১০)/২৯৮৬(২৫০)

তারিখ : ২৮/০৫/২০২৩ খ্রি.

এসএসসি পরীক্ষা ২০২৩-এর ধারাবাহিক মূল্যায়ন, ব্যবহারিক পরীক্ষা ও মালামাল গ্রহণ সংক্রান্ত

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, এসএসসি পরীক্ষা ২০২৩-এর অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (১৫৪) ব্যবহারিক পরীক্ষাসহ সকল ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করে প্রাপ্ত নম্বর অনলাইনে বোর্ডে প্রেরণ করতে হবে, হার্ডকপি হাতে হাতে বোর্ডে ৪র্থ তলা (৪০৫) নং কক্ষে জমা দিতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

- ২৯/০৫/২০২৩ তারিখ থেকে ০৪/০৬/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে।
- কোনো শিক্ষার্থীর বিষয় কোড এবং গ্রুপ পরিবর্তন হলে ব্যবহারিক মার্ক ইনপুটের পূর্বে তাদের রেজিস্ট্রেশন কার্ড এবং এডমিট বোর্ড থেকে অবশ্যই সংশোধন করে নিতে হবে।
- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৩-এর ৪ নং অনুচ্ছেদে “ঙ” কলামে বর্ণিত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত ব্যয়ের হিসাব ৪র্থ তলায় (৪০৫) নং কক্ষে জমা দিতে হবে।
- পরীক্ষা সংশ্লিষ্ট কাগজপত্রাদি জমাদান সংক্রান্ত নিয়মাবলী:-
নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং ১১/০৬/২০২৩ তারিখের মধ্যে (চট্টগ্রাম উত্তর ও দক্ষিণ-০৭/০৬/২০২৩, কক্সবাজার ও তিন পার্বত্য জেলা ০৮/০৬/২০২৩, চট্টগ্রাম মহানগর-১১/০৬/২০২৩) ব্যবহারিক পরীক্ষায় ব্যবহৃত উত্তরপত্রসমূহ, কেন্দ্রের পরীক্ষার্থীদের স্বাক্ষরলিপি (রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে) অনুপস্থিতিপত্র, বহিষ্কৃতদের তালিকা (যদি থাকে) ব্যবহারিক পরীক্ষার্থীদের নম্বরফর্দ এবং অনুপস্থিত পরীক্ষার্থীদের তালিকা রোল নম্বরসহ আলাদা সীলগালাকৃত প্যাকেটে সরাসরি ৪র্থ তলা (৪০৫) ও ৯ম তলায় জমা দিতে হবে।
- মালামাল বোর্ডে জমাদানের তারিখ:-
সরবরাহকৃত প্রশ্নপত্রের ট্রাঙ্ক ও অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র এবং অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য মালামাল ১১/০৬/২০২৩ ইং হতে ২২/০৬/২০২৩ তারিখের মধ্যে নিচ তলায় ষ্টোরে জমা দিতে হবে। উক্ত তারিখের মধ্যে মালামাল জমা দিতে ব্যর্থ হলে ৫০০/-টাকা বিলম্ব ফি ব্যাংক ড্রাফটের মাধ্যমে (সচিবের অনুকূলে) ২৭/০৬/২০২৩ইং তারিখ জমা দিতে হবে।
- ব্যবহার উপযোগী/অব্যবহৃত মালামালের হিসাব বিবরণী:-
ব্যবহার উপযোগী/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্রসহ অন্যান্য উদ্ধৃত ফরমসমূহ উপরোক্ত সরবরাহ তালিকা অনুযায়ী অত্রবোর্ডে জমা দিতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

(প্রফেসর নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন : ০২৩৩৩৩৩৬৪৬৭।

Email:ce@bise-ctg.gov.bd